দৈনিক ইত্তেফাক

260

তারিখ ... JUL 31 1999
পৃষ্ঠা 4 কলাম 4

# বিদ্যালয় পুনর্নির্মাণের আবেদন

খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন ৭৮ নম্বর লাঙ্গলমোড়া-খাগড়াবুনিয়া রেজিঃ বেসরকারী প্রাথমিক বিদ্যালয়টি (রেজিঃ নং-১/৫৯-৩৮৪/৯৪ইং) অত্র উপজেলার শেষ সীমান্তে ভাঙ্গুরিয়া নদীর তীরে অবস্থিত। বিদ্যালয়টি কাঁচা দেওয়ালবেষ্টিত ও নাড়ার ছাউনি দিয়া আচ্ছাদিত। চার কক্ষবিশিষ্ট এই বিদ্যালয়টি প্রতি বৎসর ঝড়ের মওসুমে বিধ্বস্ত হয়। তখন বিদ্যালয়ের কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হয়। নূতন করিয়া ঘর উঠাইতে গিয়া প্রতি বৎসর আমরা আর্থিক সঙ্কটের সম্মুখীন হই। উল্লেখ্য যে, বিগত তিন/চার বৎসর ধরিয়া থানা শিক্ষা অফিসে বিদ্যালয়টি পুনঃনির্মাণের ব্যাপারে যোগাযোগ করিয়া এ পর্যন্ত আশ্বাসবাণীই শুধু মিলিয়াছে। অথচ কাজের কাজ কিছুই হয় নাই। এদিকে বৎসর বৎসর বিদ্যালয়টি ঝড়-ঝঞ্ঝায় আক্রান্ত হইতেছে। আর আমরা দুর্ভোগ পোহাইতেছি। এমতাবস্থায়, এখানে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখিতে বিদ্যালয়টি পুনঃনির্মাণের উদ্যোগ নিতে সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**অসীম কুমার মন্ডল,**
ম্যানেজিং কমিটি,
লাঙ্গলমোড়া খাগড়াবুনিয়া রেজিঃ
বেসরকারী প্রাথমিক বিদ্যালয়,
ডুমুরিয়া, খুলনা